দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 AUGUST 2025 , TUESDAY | ১২ আগস্ট ২০২৫ , মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-361

## আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে উপস্থিত জেলাশাসক সহ জেলা প্রশাসনের আধিকারিকগন



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১১ আগস্ট :আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের মথুরা চা বাগান সংলগ্ন সুরেন্দ্র প্রসাদজী বেসিক স্কুল মাঠে সোমবার আয়োজিত হয় আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচি ও দুয়ারে দরকার শিবির। এদিন এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, অতিরিক্ত জেলাশাসক ভূমি ও ভূমি সংস্কার দপ্তর নৃপেন্দ্র সিং,অতিরিক্ত জেলাশাসক (জেনারেল), ডিএফ ও জলদাপাড়া, জেলা পঞ্চায়েত আধিকারিক, জেলা সমাজ কল্যান আধিকারিক, বিডিও আলিপুরদুয়ার এক নম্বর ব্লক সহ অন্যান্য আধিকারিকগন। জানা গেছে এদিনের কর্মসুচিতে উপস্থিত সাধারন মানুষের সাথে আধিকারিকগন বিভিন্ন বিষয় যেমন রেশন কার্ড পরিবর্তন, জাতিগত শংসাপত্র, এলাকায় বিভিন্ন রাস্তায় সংযোগকারী কালভার্ট নির্মান, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও স্কুল গুলির সমস্যা,এলাকায় সৌরবিদ্যুত চালিত সেচ ব্যবস্থা, জন স্বাস্থ্য কারিগরি দপ্তরের জলের লাইন বসানো সহ আরও অন্যান্য বিষয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করেন ও সেগুলির সমাধানে উদ্যোগ গ্রহন করেন। পাশাপাশি সরকারি বিভিন্ন প্রকল্প বিষয়ে মথুরা চা বাগানের মহিলাদের অবগত করানো হয়।

## বন দপ্তরের পাতা খাঁচায় ধরা পড়লো চিতাবাঘ



নিজস্ব সংবাদদাতা,এই যুগ,জলপাইগুড়ি, ১১ আগস্ট : এক নাগাড়ে গত দেড় মাস ধরে জলপাইগুড়ি জেলার বৈকুন্ঠপুর বনবিভাগের বোদাগঞ্জ জঙ্গল লাগোয়া ভান্ডিগুড়ি চা বাগানে আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছিলো একটি চিতাবাঘ। কখনো দিনের বেলায় চা বাগানের এদিক থেকে ওদিকে লাফিয়ে পড়া, কোনোদিন চা শ্রমিকদের আবাস থেকে ছাগল, মুরগি,হাঁস নিয়ে উধাও হয়ে যাওয়া আবার কখনো কর্তব্যরত চা শ্রমিককে থাবা জখম করা এসব কর্মকান্ড ঘটিয়ে চা শ্রমিকদের রীতিমতো আতঙ্কে রেখেছিলো এই চিতাবাঘটি। বন কর্মীরা বারবার খাঁচা পেতে ও ধরতে পারছিলেননা চিতাবাঘটিকে। অবশেষে রবিবার রাতে মাংসের টোপ দিয়ে খাঁচা পাতেন বন কর্মীরা। সেই খাঁচার মাংসের লোভে চিতাবাঘটি খাঁচায় প্রবেশ করতেই বন্ধ হয়ে যায় খাঁচার দরজা। সোমবার সকালে শ্রমিকরা খাঁচাবন্দী চিতাবাঘটিকে দেখতে পেয়ে বৈকুন্ঠপুর বিভাগের বন কর্মীদের খবর দেন। বন কর্মীরা খবর পেয়ে খাঁচা সহ চিতাবাঘটিকে নিয়ে যান। তারা জানান চিতাবাঘটির স্বাস্থ্য পরীক্ষার পর ফের বনে ছেড়ে দেওয়া হবে। চিতাবাঘটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন চা বাগানের শ্রমিকরা।

## সাত সকালে চা বাগানে দাপাচ্ছে হাতির পাল, আতঙ্কে বাসিন্দারা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১১ আগস্ট :সোমবার সাত সকালে বুনো হাতির পাল দাপিয়ে বেড়ালো জলপাইগুড়ি জেলার ভার্নাবাড়ি চা বাগানে। সকালে হাতির পালকে চা বাগানে ঘুরে বেড়াতে দেখে স্বাভাবিকভাবেই আতঙ্ক ছড়ায় চা বাগানের বাসিন্দাদের মনে। জানা গেছে হাতির পালটিতে ছোট বড়ো মিলিয়ে মোট আটটি হাতি রয়েছে। হাতির পালটি প্রথমে প্রবেশ করে বীচ চা বাগানে। সেখানে কিছুক্ষন দাপিয়ে তারা এশিয়ান হাইওয়ে পেরিয়ে প্রবেশ করে ভার্নাবাড়ি চা বাগানে। এই বাগানে প্রবেশ করে দাপটের সাথে এদিক ওদিক ঘোরাফেরা করতে থাকে হাতির পালটি। আতঙ্কিত চা বাগানের বাসিন্দারা খবর দেন বন দপ্তরের কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে হাতির পালটিকে জঙ্গলে ফেরানোর চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

## উদ্ধার আড়াই কোটি টাকার ব্রাউন সুগার, গ্রেপ্তার তিন মাদক পাচারকারী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ,১১ আগস্ট : মালদহ জেলা পুলিশের কালিয়াচক থানার পুলিশের পৃথক দুটি অভিযানে রবিবার উদ্ধার হয় আড়াই কোটি টাকার ব্রাউন সুগার, গ্রেপ্তার করা হয় তিন মাদক কারবারিকে। ধৃতদের নাম সামেদ শেখ (২০),সামিমা আক্তার(৩০),ও মহম্মদ রফিকুল ইসলাম।ধৃত তিনজনই কালিয়াচক থানা এলাকার বাসিন্দা। জানা গেছে সামেদ শেখ ও সামিমা আক্তারকে কালিয়াচক থানার পুলিশ জালালপুর এর নতিবপুর এলাকায় বারো নম্বর জাতীয় সড়কের উপর থেকে গ্রেপ্তার করা হয়েছে, তাদের হেফাজত থেকে উদ্ধার হয় এক কেজি পাঁচশো ঊনচল্লিশ গ্রাম ব্রাউন সুগার। অপরদিকে কালিয়াচক থানার অন্তর্গত গোপালগঞ্জ ফাঁড়ির পুলিশ সুজাপুর থেকে গ্রেপ্তার করে মহম্মদ রফিকুল ইসলামকে। তার হেফাজত থেকে উদ্ধার হয় পাঁচশো কুড়ি গ্রাম ব্রাউন সুগার। সব মিলিয়ে মোট দুই কেজি ঊনষাট গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। পুলিশ এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে মাদক বাজেয়াপ্ত ও গ্রেপ্তার পর্ব সম্পন্ন করে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে সোমবার মালদহ জেলা আদালতে পেশ করা হয়েছে। পুলিশ তদন্তের স্বার্থে ধৃতদের নিজেদের হেফাজতে নেবার আবেদন আদালতে জানিয়েছে। এত পরিমান মাদক এরা কোথা থেকে সংগ্রহ করেছে ও কোথায় পাচার করার উদ্দেশ্য ছিলো সব খতিয়ে দেখছে পুলিশ।

# রায়ডাক শ্রাবণী মেলায় নদীতে স্থান করতে গিয়ে জলে ডুবে মৃত্যু হল যুবকের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু এক পুর্ণ্যার্থীর। এ মর্মান্তিক ঘটনা রবিবার গভীর রাতে আলিপুরদুয়ার জেলার বারবিশা ২নং রায়ডাক শ্রাবণী মেলায় নদীতে স্থান করতে এসে জলে ডুবে মৃত্যু হল এক পুর্ণ্যার্থীর । একেবারে নদীর মধ্যে ঘেরাটপে স্থান করতে গিয়ে হঠাৎ নিঁখোজ হয়ে যায় কোচবিহার জেলার নাওথোয়া এলাকার ওই যুবক স্থানীয় কমিটির প্রচেষ্টায় তড়িঘড়ি উদ্ধার করা হয় ওই যুবকে নদী থেকেই চিকিৎসার জন্য কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন । এই মর্মান্তিক ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে গোটা এলাকায় । হাসপাতালের তরফে পুলিশকে খবর দেওয়া কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ মৃতদেহ উদ্ধার করেছে । সোমবার বিকেল পাঁচটা নাগ ময়নাতদন্ত শেষে মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

# কোহিনুর চা বাগানে তালা দিলেন শ্রমিকরা অধিক রাতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : কোহিনুর চা বাগানের অফিস ঘরে তালা দিলেন শ্রমিকরা সোমবার অধিক রাতে। দীর্ঘদিন যাবত কোহিনুর চা বাগানে শ্রমিকরা তাদের ন্যায্য পাওনার দাবি তুলেছিলেন মালিক কর্তৃপক্ষের কাছে। কিন্তু মালিক কর্তৃপক্ষ কোনরকম শ্রমিকদের প্রাপ্য মেটাতে চাইছেন না তাছাড়া বর্তমান পরিস্থিতিতে কোহিনুর চা বাগানের মালিক কে তা জানেন না শ্রমিকরা। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন শ্রমিকরা অধিক রাতে কোহিনুর চা বাগানে তালা দিয়েছি বিষয়টি পুলিশের নজরে আছে। পুজোর বাকি আর কয়েকদিন এরই মধ্যে কোহিনূর চা বাগানের অচল অবস্থা দিনের পর দিন বাড়ছে। মালিক নেই তবুও শ্রমিকদের অবসর গ্রহণ করাতে বাধ্য করাচ্ছেন বাগান কর্তৃপক্ষ। দীর্ঘদিন যাবত কোহিনুর চা বাগানের ফ্যাক্টরি বন্ধ। জটিলতায় ভুগছে কোহিনূর চা বাগান। শেষ পর্যন্ত পুজোর আগে কোহিনুর চা বাগানের শ্রমিকরা বোনাস পাবেন কিনা তা নিয়েও সন্দেহ রয়েছে শ্রমিকদের।

# গাছের সঙ্গে ধাক্কা বাইক চালকের, মৃত্যু ঘটনাস্থলে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১১ আগস্ট : ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু হল একটা বাইক চালকের সোমবার রাত নটা নাগাদ। শামুকতলা চেপানি চৌপথি রাজ্য সড়কের সাইনবোর্ড এলাকায় দুর্ঘটনাটি ঘটে। নিয়ন্ত্রণ হারিয়ে বাইক চালক রাস্তার পাশে থাকা একটি গাছের সজোরে ধাক্কা মারে এরপরেই তাকে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসার পর চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। বাইক চালকের বাড়ি শামুকতলা বিধান নগর কলোনি এলাকায় তার নাম প্রশান্ত দেবনাথ। পুলিশ মৃতদেহ তাদের হেফাজতে নিয়েছে। দুর্ঘটনা গ্রস্ত গাড়িটিকে আটক করেছে পুলিশ। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করা হয়েছে পুলিশের পক্ষ থেকে।

# পরিত্যক্ত ঘর থেকে যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : কুমারগ্রাম ব্লকের বারবিশার পূর্ব চকচকায় বাড়ি সংলগ্ন পরিত্যক্ত একটি ঘর থেকে উদ্ধার হল যুবকের ঝুলন্ত দেহ। সোমবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়েছে। জানা গিয়েছে, মৃতের নাম বিশ্বজিৎ সরকার, বয়স ৩০। রবিবার রাতে বাড়ি সংলগ্ন একটি পরিত্যক্ত ঘরে বিশ্বজিৎকে ঝুলন্ত অবস্থায় দেখা যায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। পুলিশ রাতেই ঝুলন্ত দেহ উদ্ধার করে। সোমবার জেলা হাসপাতালে দেহের ময়নাতদন্ত হয়েছে। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# আলিপুরদুয়ারের শ্রাবণী মেলা জমে উঠেছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডের শুরু হয়েছে শ্রাবণী মেলা। সোমবার রাত সাড়ে সাতটা নাগাদ মেলা প্রাঙ্গণে গিয়ে দেখা গেল ব্যবসায়ীরা পসরা সাজিয়ে বসেছেন তবে মেলা প্রাঙ্গনে ভিড় তেমন নেই। এক মাস ধরে চলবে এই মেলা। প্রশাসনিক কর্তাদের কাছ থেকে জানা গেছে প্রতিবছর শ্রাবণ মাসে এই মেলা শুরু হয়। এবারও মেলা উপলক্ষে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে মেলা প্রাঙ্গনে। আলিপুরদুয়ার থানার সামনেই প্যারেড গ্রাউন্ডে মেলা চলে অধিক রাত পর্যন্ত। তবে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা গেছে মেলা প্রাঙ্গনে প্রতিদিনই ভিড় হয় তবে রাত আটটার পর থেকেই মেলা প্রাঙ্গনে দর্শকদের ভিড় বাড়তে থাকে।

# ভয়াবহ দুর্ঘটনা পাইপলাইনে ,জখম ৬ জন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের পাইপলাইন এলাকায় সোমবার বিকেল ছটা নাগাদ। গুরুতর জখম দুজনকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠিয়েছে চিকিৎসক। যাত্রীদের কাছ থেকে জানা গেছে একটি যাত্রী বোঝাই অটো পাইপলাইন এলাকায় দাঁড়িয়েছিল যাত্রী তোলার জন্য শামুকতলা যাবার পথে। অন্যদিকে অপর দুটি গাড়ি শামুকতলা এবং আলিপুরদুয়ার থেকে আসছিল। আলিপুরদুয়ার থেকে শামুকতলা গামী যাত্রী বোঝাই অটোটি দুটি গাড়িকে মেরে দিয়ে পালিয়ে যায়। এর ফলে দাঁড়িয়ে থাকা অটোতে পাঁচজন যাত্রী আহত হয়েছেন তাদের মধ্যে তিনজন শিশু রয়েছে। অপর দুটি গাড়ির যাত্রী শামুকতলা বড় মাঠ এলাকার বাসিন্দা প্রিয়া পাল গুরুতর জখম হন তার বা পা ভেঙ্গে যায়। তড়িগড়ি চিকিৎসক তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠায়। ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ গাড়ি দুটিকে আটক করেছে পুলিশ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

# শাসকদলের নেতা কে রাস্তায় ফেলে মারধর



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ১১ আগস্ট : চলছিল বাগবিতন্ডা, পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠল হটাৎ। তৃণমূল অঞ্চল সভাপতিকে রীতিমতো রাস্তায় ফেলে মারলেন এক বাসিন্দা। । ঘটনা আলিপুরদুয়ার ২ ব্লকের শামুকতলার থানার মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায়। এই ঘটনায় শামুকতলা থানায় অভিযোগ দায়ের হয়েছে।অভিযোগ পেয়ে এই ঘটনার তদন্ত শুরু করেছে জানিয়েছেন শামুকতলা থানার পুলিশ। মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের উত্তর মহাকালগুড়ি এলাকায় জল নিকাশি ব্যবস্থা নেই কয়েক জনের ঘরে জল প্রবেশ করে । এর ফলেই এলাকার বেশ কয়েকজন বাসিন্দা সোমবার সকালে এলাকার তৃণমূল অঞ্চল সভাপতি সাধন পালের বাড়িতে যান সমস্যার সমাধানের জন্য। সাধন পাল জল নিকাশি ব্যবস্থা খতিয়ে দেখতে ঘটনাস্থলে আসেন। আর সেই সময় এলাকার বাসিন্দা মিহির দেবনাথ এবং পাপন দেবনাথ তাকে মারধর করে বলে অভিযোগ। তিনি এই ঘটনায় আহত হন। তার গলায় থাকা একটি সোনার চেইন হারিয়ে গিয়েছে বলে সাধন পালের অভিযোগ। সাধন পাশ জানান আমি জানিয়েছি পাইপ দিয়ে জমা জল অন্য দিকে নিয়ে যেতে হবে আর যার জমির উপর দিয়ে যাবে সেই মিহির দেবনাথ আমার উপর চড়াও হয়। সে তার জমিতে নিতে দেবেনা। অন্যদিকে মিহির দেবনাথ জানিয়েছেন তাকে অকথ্য ভাষায় কথা বলেছে অঞ্চল সভাপতি সাধন পাল ।পাশাপাশি ধাক্কা মেরেছেন আর এর ফলেই তিনি তাকে মেরেছেন বলে তিনি জানান।
শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# কৃষি দপ্তরের পক্ষ থেকে মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্য



মলয় দেবনাথ, এই যুগ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : গ্রামীণ এলাকার মহিলাদের স্বনির্ভর করতে সোমবার কৃষি দফতরের তরফে "খাকি ক্যাম্বেল" প্রজাতির হাঁসের ছানা প্রদান করা হল। অন্যান্য, হাঁসের চেয়ে এই প্রজাতির হাঁসের ডিম উৎপাদনের ক্ষমতা বেশি বলেও দাবি। বছরে প্রায় ৩০০টি ডিম এই খাকি ক্যাম্বেল প্রজাতির হাঁস উৎপাদন করতে পারে বলে জানান কৃষি দফতরের আধিকারিকরা। ফলে আগামী দিনে এই হাঁস পালন করে স্বনির্ভর হওয়ার আশায় মহিলাদের।এদিন প্রায় কুড়িটি স্বনির্ভর দলের মহিলাদের এই হাঁসের ছানা প্রদান করা হয়।এর পাশাপাশি, প্রায় ৫০০ কেজি হাঁসের খাদ্যও প্রদান করা হয় তাদের। আগামীতে আরও মহিলাদেরও এই ছানা দেওয়া হবে বলে জানানো হয়। এ বিষয়ে কালচিনি সহ কৃষি অধিকর্তা প্রবোধ মন্ডল বলেন, "এই খাকি ক্যাম্বেল প্রজাতির হাঁস জন্মের সাতমাসের মাথায় ডিম উৎপাদন করতে পারে। পাশাপাশি, এর মাংস সুস্বাদু হওয়ায় সেটারও ভালো চাহিদা রয়েছে।"

# অত্যাধুনিক অ্যাম্বুলেন্স পরিষেবার উদ্বোধন আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : অত্যাধুনিক অ্যাম্বুলেন্স পরিষেবার উদ্বোধন হলো আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। অ্যাম্বুলেন্স পরিষেবার উদ্বোধন করলেন আলিপুরদুয়ার জেলা হাসপাতালের সুপার সহ আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণায় অত্যাধুনিক অ্যাম্বুলেন্স পরিষেবা চালু হয়েছে গর্ভবতী মায়েদের জন্য। অন্যান্য অ্যাম্বুলেন্স এর চেয়ে এই অ্যাম্বুলেন্স অনেকটাই আলাদা। প্রয়োজনে এই অ্যাম্বুলেন্সে সন্তান প্রসব করানোর মতো ব্যবস্থা আছে। ১০২ নম্বর ডায়াল করলেই গর্ভবতী মায়েদের জন্য এই অ্যাম্বুলেন্স চলে যাবে তাদের পরিষেবা দিতে। তিনটি অত্যাধুনিক অ্যাম্বুলেন্স আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মায়েদের অনেক উপকার আসবে জানিয়েছেন বিধায়ক।

# চালু হয়ে গেল বুড়িতোর্ষা পাকা সেতু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : দীর্ঘ প্রতীক্ষার অবসান। অবশেষে সোমবার থেকে চালু হয়ে গেল ফালাকাটা-সলসলাবাড়ি নির্মীয়মাণ মহাসড়কের বুড়িতোর্ষা পাকা সেতু। মহাসড়কের জন্য দুটি করে সেতু তৈরি হবে। তবে এদিন থেকে একটি সেতু যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়। সেখানে দ্বিতীয় সেতুর কাজ অবশ্য চলছে। এজন্য ফালাকাটা ও আলিপুরদুয়ার ১ ব্লকের হাজার হাজার মানুষ খুশি। কারণ,দীর্ঘদিন ধরেই ডাইভারশন দিয়ে যাতায়াত চলছিল। আর বর্ষাকালে সেই ডাইভারশন ভেঙে গেলেই যাতায়াত বন্ধ হয়ে যেত। তাই তড়িঘড়ি বুড়িতোর্ষায় পাকা সেতুর কাজ চালিয়ে যায় সড়ক কর্তৃপক্ষ। ক'দিন আগেই সেতুর ঢালাইয়ের কাজ হয়। তারপর অ্যাপ্রোচ রোড তৈরি হয়। আর এদিন সেতুটি খুলে দেওয়া হয়। এখন স্থানীয়রা বলছেন,চরতোর্ষা ও পলাশবাড়ির সনজয় সেতুর কাজও দ্রুত হোক। কারণ,ওই দুই নদীতেও ডাইভারশন রয়েছে। যদিও জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছে,চরতোর্ষায় কাজ চলছে। আর সনজয় নদীতে একটি সেতুর ঢালাইয়ের কাজ হয়ে গেছে। এখন সেখানে অ্যাপ্রোচ রোডের কাজ হলেই সেই সেতুটিও ক'দিনের মধ্যে খুলে দেওয়া হবে।

# শতাধিক পুন্যার্থী রক্ষা পেল মহাকাল ধামে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট : বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেলেন শতাধিক পুন্যার্থী। নৌকা ভাড়া দিয়ে পুণ্যার্থীদের যেতে হচ্ছে মহাকাল ধামে। প্রশাসনিক কর্তাদের উদাসীনতার জন্যই পুর্ন্যার্থীরা সঠিক সময়ে মহাকাল ধামে পৌঁছাতে পারছেন না। জীবনের ঝুঁকি নিয়ে মহাকাল ঘামে যেতে হচ্ছে ভক্তবৃন্দদের নৌকা ভাড়া গুনে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের মহাকাল ধামের যাওয়ার একমাত্র বাঁশের সাঁকো জলের তোড়ে ভেসে গেছে সোমবার সকালে। ধারসী নদীর উপর বাঁশের সাঁকো জলের তোড়ে ভেসে যাওয়ায় ভক্তবৃন্দরা মহাকাল ধামে যেতে পারছিলেন না। তড়িঘড়ি মহাকাল ধাম কমিটি নৌকা নামিয়ে ভক্তবৃন্দদের মহাকাল ধামে যাওয়ার ব্যবস্থা করেন। যদিও তাদেরকে নৌকা ভাড়া দিতে হয়েছে ১০ টাকা। এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি ধারসী নদীর উপর পাকা ব্রীজ তৈরি করার কিন্তু প্রশাসনিক কর্তারা কোনরকম ব্যবস্থা গ্রহণ করেন নাই ব্রীজ তৈরির জন্য। শুধু আশ্বাস দিয়ে গেছেন রাজনৈতিক নেতা থেকে শুরু করে প্রশাসনিক কর্তারা।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |